২০২৪

## বাংলা—সাম্মানিক

প্রথম সেমেস্টার

পত্র : CC-2

(বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা)

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) ধ্বনি বলতে কী বোঝায়? স্বরধ্বনি সম্পর্কে বিশদে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) ভাষার ক্ষেত্রে শব্দভাণ্ডারের গুরুত্ব কতখানি? বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত শব্দসমষ্টির উদাহরণসহ শ্রেণিবিন্যাস করো। ১০

২। (ক) বাংলা ভাষায় শব্দার্থ পরিবর্তনের দুটি কারণ উদাহরণসহ আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) বাংলা ভাষার প্রধান উপভাষাগুলির শ্রেণিবিভাগ করে যে-কোনো একটি উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় দাও

৩। (ক) বাংলা ভাষার বিভিন্ন স্তরে লিঙ্গ নির্ধারণের রীতির যে বিবর্তন মেলে উদাহরণসহ তার পরিচয় দাও।

*অথবা,*

(খ) কারক কাকে বলে? কারকের প্রকারভেদগুলি সংক্ষেপে আলোচনা করো।

৪। (ক) ব্যঞ্জনাগম কয় প্রকার ও কী কী আলোচনা করো।

*অথবা,*

(খ) স্বরসঙ্গতি বিষয়ে সংজ্ঞাসহ আলোচনা করো।

৫। (ক) অর্থ সংক্রম কাকে বলে উদাহরণসহ আলোচনা করো।

*অথবা,*

(খ) কামরূপী উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

Please Tur

৬। (ক) বাংলা ভাষায় ক্রিয়ার রূপ নির্মাণে 'পুরুষ' -এর গুরুত্ব আলোচনা করো। ৫

অথবা,

(খ) বিভক্তি কাকে বলে? বাংলায় কয়টি বিভক্তি রয়েছে? যে-কোনো একটি বিভক্তি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১+১+৩

৭। *যে-কোনো একটি* বিষয়ে টীকা লেখো। ৫×১

(ক) স্পর্শ ব্যঞ্জন

(খ) নাসিক্যীভবন

(গ) সম্প্রদান কারক।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) ধ্বনির আগম কয় প্রকার ও কী কী?

(খ) 'নিশ্চুপ' শব্দটিতে কয়টি অক্ষর রয়েছে?

(গ) তৎসম-শব্দকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়?

(ঘ) 'হেড পণ্ডিত' কী জাতীয় শব্দ?

(ঙ) '[illegible]'-শব্দটি কোন ভাষা থেকে বাংলায় এসেছে?

(চ) পরাগত সমীভবনের একটি উদাহরণ দাও।

(ছ) শব্দের আদিতে ব্যঞ্জনধ্বনি যুক্ত হলে তাকে কী বলে?

(জ) বিমাত্রিকতার অপর নাম কী?

(ঝ) 'রাঢ়ী' কোন অঞ্চলের উপভাষা?

(ঞ) পদের আদিতে 'র'-এর লোপ ও আগম কোন উপভাষার বৈশিষ্ট্য?

(ট) একটি বাক্যে ঘটমান বর্তমান-এর প্রয়োগ দেখাও।

(ঠ) আধুনিক বাংলায় বচন নির্বিশেষে উত্তম পুরুষের কয়টি বিভক্তি চিহ্নের প্রচলন আছে?

(ড) বাংলায় 'কারক'-শব্দটি কোন ভাষা থেকে গ্রহণ করা হয়েছে?

(ঢ) বাংলায় পুরুষ কয় প্রকার?

(ণ) একটি বাক্যে ধ্বন্যাত্মক অব্যয়-এর প্রয়োগ দেখাও।